

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ ও নড়াইলের ১৬ টি ইটভাটা ও ৪ টি কারখানাসহ মোট ১৮ টি কারখানাকে মোট ৫২ লক্ষ ২৯ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য এবং মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ঢাকার কেরানীগঞ্জের ৪ টি ইটভাটাকে ৪০ লক্ষ টাকা জরিমানা করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১২/০২/২০১৯ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ ও নড়াইলের ১৬ টি ইটভাটা ও ঢাকা ও গাজীপুরের ৪টি কারখানাকে ২২ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০), ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) অধ্যাদেশ, ২০১৮ অনুযায়ী অবৈধভাবে ইটভাটা পরিচালনা করার অপরাধে আজ ১২/০২/২০১৯ তারিখে ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন কোন্ডা, জাজিরা নামক স্থানে ৪ টি ইটভাটাকে ৪০ লক্ষ টাকা জরিমানা ও আদায় করা হয়। ভাটা ৪ টি হচ্ছে-(১) মোল্লা ব্রিকস--কে ১১ লক্ষ টাকা; (২) মেসার্স এমএইচ এন্ড কোং কে-১১ লক্ষ টাকা, (৩) মেসার্স নিউ ব্রিকস কে -৮ লক্ষ টাকা এবং মেসার্স এবিএম ব্রিকস-কে ১০ লক্ষ টাকা জরিমানা ও আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০), ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধিত) অধ্যাদেশ, ২০১৮ অনুযায়ী অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ। এছাড়াও উক্ত অভিযানে সহায়তা করেন পরিবেশ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মিহির লাল সরদার, এবং পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার পরিদর্শক জনাব মির্জা আসাদুল কিবরীয়া ও নমুনা সংগ্রহকারী জনাব রাসুল ইয়া বারী (কামাল)। এতে আরো সহযোগিতা করেন আইন শৃঙ্খলা রক্ষায় সহায়তা করেন ঢাকা জেলার পুলিশ ফোর্স।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ জানান বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০), পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (সংশোধিত ২০০৭) এবং ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ অনুযায়ী অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে প্রত্যেক জেলায় জেলায় মোবাইল পরিচালনার মাধ্যমে শাস্তিমূলক ব্যবস্থা প্রদান করা হবে। অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ১২/০২/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোর্সঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।